# অধিবেশন নং ১৫

## আজকের অধিবেশনের আলোচ্য বিষয়বস্তু:

দুধালো গাভীর খাদ্য ব্যবহৃত উন্নত ঘাসসমূহ ও চাষপদ্ধতি

আজকের অধিবেশনের পর্যালোচনা

## গাভীর খাদ্যে সবুজ ঘাস সরবরাহের প্রয়োজনীয়তা:

- - অধিক দুধ পাওয়া যায়।
- - খাদ্য খরচ কম হয়।
- - দানাদার খাদ্যের প্রয়োজনীয়তা কম হয় ফলে উৎপাদন ব্যয় কমে যায়।
- - কৃত্রিম প্রজননের সফলতা পাওয়া যায়।
- - সঠিক বয়সে যৌন পরিপক্কতা আসে।
- - কৃত্রিম প্রজননের মাধ্যমে যে বাছুর জন্ম নেয় তার দৈহিক ওজন কাংখিত মাত্রায় পাওয়া যায়।
- রোগ-ব্যাধি কম হয় ফলে চিকিৎসা খরচ খুবই কম হয়।

পুষ্টি উপাদানের উপর ভিত্তি করে সবুজ ঘাসকে দুইভাগে ভাগ কর হয়

**১.শর্করা জাতীয় ঘাস (নন লিগুউম)**
**উদাহরণ-নেপিয়ার ,পারা,ভূট্রা**

২.আমিষ জাতীয় ঘাস (লিগুউম)
উদাহরণ-
খেসারি,মাসকালাই,কাউপি (বরবটি)

# সবুজ ঘাস উৎপাদন (নন লিগিউম)

বাংলাদেশের প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, (বিএলআরআই) সাভার, ঢাকা নেপিয়ারের উপর গবেষনা করে ৩টি জাত উদ্ভাবন করেছে। করেছে।এই জাতগুলির মধ্যে চাষাবাদ কের কোন ভিন্নতা নেই। নিম্নে নেপিয়ার, পারা ও ভূট্রার চাষ পদ্ধতি বর্ননা করা হলো।

## নেপিয়ার (হাইব্রিড):

- **রোপনের সময়ঃ** যে কোন সময়, তবে উত্তম সময় হচ্ছে ফালগুন-চৈত্র মাসে।
- **মাটির ধরনঃ** জলাবদ্ধ স্থান ছাড়া বাংলাদেশের সব ধরনের মাটি এমনকি পাহাড়ী ঢাল ও সমুদ্র তীরবর্তী লবনাক্ত জমিতেও এ ঘাস জন্মে।
- **জমি তৈরীঃ** উত্তমভাবে চাষ করে জমি তৈরী করতে হবে। বন্যা পরবর্তী কাদামাটিতে লাগানো যেতে পারে।

- **কাটিং এর সংখ্যাঃ** হেক্টর প্রতি ২৫-২৬ হাজার কাটি বা মোথা।
- **কাটিং লাগানোর দূরত্বঃ** লাইন থেকে লাইন ৭০ সে.মি., কাটিং থেকে কাটিং ৩৫ সে.মি.।
- **সার প্রয়োগঃ**
  - **জমি তৈরীর সময়ঃ** ইউরিয়াঃ টিএসপিঃএমপিঃ ৫০:৭০:৩০ কেজি প্রতি হেক্টর।
  - **ঘাস লাগানোর এক মাস পরঃ** ইউরিয়া ৫০-৭৫ কেজি প্রতি হেক্টর।
  - **প্রতি কাটিং পর পরঃ** ইউরিয়া ৫০-৭৫ কেজি প্রতি হেক্টর।
- **সেচঃ** খরা মৌসুমে ১৫-২০ দিন পর পর।
- **ঘাস কাটার সময়ঃ** ৩০-৪৫ দিন পর পর গ্রীস্মকাল ৫০-৬০ দিন পর পর শীতকালে (সেচ সুবিধা সাপেক্ষে)।
- **বছরে কতবার কাটা যায়ঃ** ৫-৬ বার- ১ম বছর। ৭-৯ বার-২য়, ৩য় ও ৪র্থ বছর।
- **বছরে কাঁচা ঘাসের উৎপাদনঃ** ১৫০-২০০ টন
- **সংরক্ষণঃ** সাইলেজ তৈরী।

# সবুজ ঘাস উৎপাদন (লিগিউম)

## খেশারী

- **মাটিঃ** বেলে-দোআঁশ ।
- **চাষ পদ্ধতিঃ** বর্ষার শেষে বিনা চাষে জমিতে ছিটিয়ে বুনতে হয়। চর বা হাওড় এলাকার পানি শুকিয়ে যাওয়ার পর চাষ করা যায়।
- **বীজের পরিমানঃ** একর প্রতি ১০-১২ কেজি বীজ।
- **ঘাস খাওয়ানোঃ** জমিতে গবাদি পশু বেঁধে বা কেটে এনে খাওয়ানো যায়।
- **বীজ উৎপাদনঃ** গাছ পরিপক্ক হলে গাছ সহ তুলে এনে মাড়াই করতে হয়। অবশিষ্টাংশ গবাদি পশুর খাদ্য হিসাবে ব্যবহার করা যায়।
- **বীজ সংরক্ষণঃ** বীজ বস্তায় করে শুষ্ক স্থানে।

## মাসকালাই

- **চাষ পদ্ধতিঃ** বর্ষার পানি সরে গেলে ছিটিয়ে বপন, ঘাস হিসাবে ব্যবহারের জন্য বৈশাখ-জৈষ্ঠ্য মাসেও চাষ করা যায়। উচুঁ জমিতে ৩/৪ বার চাষ ও মই দিয়ে বপন করা যায়।
- **বীজের পরিমানঃ** একর প্রতি ৮-১০ কেজি বীজের প্রয়োজন হয়।
- **সার ও সেচঃ** জমি অনুর্বর হলে একর প্রতি ১০ কেজি ইউরিয়া ও ৫ কেজি ফসফেট ছিটিয়ে বপন করলে ভাল ফলন পাওয়া যায়। জমিতে রস না থাকলে হালকা সেচ দেওয়া যায়।
- **খাওয়ানোর নিয়মঃ** জমিতে গরু বেঁধে বা কেটে এনে খাওয়ানো যায়।
- **সংরক্ষণঃ** কেটে রোদে শুকিয়ে ।
- **বীজ সংরক্ষণঃ** বীজ পাকার পর গাছ সহ কেটে বা তুলে এনে শুকিয়ে বীজ পরিস্কার করে রোদে শুকিয়ে বস্তায় ভরে রাখা যায়।
- **ফলনঃ** একর প্রতি ১২,০০০-১৫,০০০ কেজি কাঁচা ঘাস

# কাউপি (বরবটি)

- **চাষ পদ্ধতিঃ** বছরে ২-৩ বার কাউপির চাষ করা যেতে পারে। উঁচু কিংবা ঢালু জমিতে ৩/৪ বার চাষ দিয়ে সমান করে বীজ লাইনে বা ছিটিয়ে মাটি দিয়ে ঢেকে দিতে হয়।
- **বীজের পরিমানঃ** একর প্রতি ১০-১৫ কেজি বীজ লাগে। কাউপি, ভুট্টা, নেপিয়ার বা অন্য কোন ফসলের মাঝখানে লাইন করে লাগানো যায়।
- **সার প্রয়োগঃ** ভাল উৎপাদনের জন্য জমি তৈরীর সময় একর প্রতি ১৫-২০ কেজি ইউরিয়া ও ১০-১৫ কেজি টি এস পি ছিটিয়ে দেওয়া যায়।
- **উৎপাদনঃ** একরে ১০,০০০-১৫,০০০ কেজি কাঁচা ঘাস।
- **পানি সেচঃ** জমিতে রস না থাকলে সেচের ব্যবস্থা করতে হবে। একই জমিতে বার বার কাউপি চাষ করা যেতে পারে।
- **খাওয়ানোর নিয়মঃ** বীজ বোনার ৪৫-৬০ দিনের মধ্যে কেটে বা ঘাস খড়ের সাথে মিশিয়ে খাওয়ানো যেতে পারে।
- **সংরক্ষণঃ** শুকিয়ে।
- **বীজ সংরক্ষণঃ** উৎকৃষ্ট মানের ‘হে’ হয়। রোদে শুকানোর পর মাড়িয়ে বীজ বের ।

# পর্যালোচনা প্রশ্ন

- **সংক্ষিপ্ত :**

১.পুষ্টি উপাদানের উপর ভিত্তি করে সবুজ ঘাসকে কয় ভাগ কর হয়?

২. আমিষ জাতীয় ঘাষের উদাহরণ দাও ।

- **রচনামুলক (বাড়ীর কাজ):**

১.ডাল জাতীয় শীতকালীন সবুজ ঘাসখেশারীর চাষ পদ্ধতি লিখুন।

- **আলোচ্য বিষয়ে কোন প্রশ্ন বা মতামত:**

- কমেন্টস  এর মাধ্যমে






Thank You